

রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(৮)/২০২০-৩৪২

তারিখঃ ২৫ জুন ২০২০ খ্রিঃ

রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ সংক্রান্ত বিজ্ঞপ্তি


বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধিভুক্ত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮-০২-২০২০ (২০১৯ সালের স্থগিত পরীক্ষা ও নিয়মিত) এবং ১৩-০৩-২০২০ তারিখে মতিঝিল এবং তেজগাঁও কেন্দ্রে অনুষ্ঠিত কম্প্রহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষায় উত্তীর্ণদের ডিজিটাল রেজিস্ট্রেশন (সেমি-স্মার্ট) কার্ড নিম্নোক্ত সিডিউল অনুযায়ী কাউন্সিল থেকে সরবরাহ করা হবে।

রেজিস্ট্রার, বিএনএমসি বরাবর ইনস্টিটিউটের প্রতিনিধি মনোনয়নের পত্র, উত্তীর্ণদের তালিকা, রেজিস্ট্রেশন ফি-পরিশোধের রশিদসহ প্রতিষ্ঠানের অধ্যক্ষ নিজে বা লিখিতভাবে মনোনীত নার্সিং কর্মকর্তার নিকট রেজিস্ট্রেশন সরবরাহ করা হবে। নার্সিং কর্মকর্তা ব্যতিত অন্য কারও নিকট সরবরাহ করা হবে না।

প্রতিষ্ঠানসমূহ অবশ্যই রেজিস্ট্রেশন সরবরাহের জন্য “ডেলিভারি রেজিস্টার” এ প্রয়োজনীয় তথ্যাদি লিখে সরবরাহ করবেন, যেন রেকর্ড যথাযথভাবে সংরক্ষিত থাকে। কাউন্সিল থেকে কোন শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করা হবে না।

ক্রম.	নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানসমূহ	সরবরাহের তারিখ	রেজিস্ট্রেশনের ধরন ও অনুষ্ঠিত পরীক্ষা
১	ঢাকা মহানগরী	০৫-০৭-২০২০ রবিবার	ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি বিএসসি ইন নার্সিং (ক) ২৮-০২-২০২০ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা (২০১৯ সালের পরীক্ষায় উত্তীর্ণদের রেজিস্ট্রেশন) (খ) ২৮-০২-২০২০ খ্রিঃ বিকাল ৩.৩০ ঘটিকা (নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণদের রেজিস্ট্রেশন) (গ) ১৩-০৩-২০২০ খ্রিঃ (পরীক্ষায় উত্তীর্ণদের রেজিস্ট্রেশন)
২	ঢাকা জেলা ও বিভাগ (ঢাকা মহানগরী ব্যতিত)	০৬-০৭-২০২০ সোমবার	
৩	রাজশাহী বিভাগ	০৭-০৭-২০২০ মঙ্গলবার	
৪	রংপুর বিভাগ	০৮-০৭-২০২০ বুধবার	
৫	চট্টগ্রাম বিভাগ	০৯-০৭-২০২০ বৃহস্পতিবার	
৬	সিলেট বিভাগ	১২-০৭-২০২০ রবিবার	
৭	খুলনা বিভাগ	১৩-০৭-২০২০ সোমবার	
৮	বরিশাল বিভাগ	১৪-০৭-২০২০ মঙ্গলবার	
৯	ময়মনসিংহ বিভাগ	১৫-০৭-২০২০ বুধবার	

বিঃ দ্রঃ রেজিস্ট্রেশন ফি পূর্বেই কাউন্সিলে জমা করা হয়েছে বিধায় এ বাবদ কোন টিএ/ডিএ অথবা অনুরূপ কোন ব্যয় বাবদ শিক্ষার্থীদেরকে কোন টাকা পুনরায় পরিশোধ করতে হবে না। রেজিস্ট্রেশন সরবরাহ সংক্রান্ত কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন: ৯৫৬৪১৫৯

ই-মেইল: info@bnmc.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা, স্বাশিপকবি)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিঃজি), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং
৫. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান (সংশ্লিষ্ট সকল),
৬. হিসাব শাখা, বিএনএমসি/ সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
৭. জনাব/ বেগম